

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

বিশেষ আদেশ নং- ০১/মুসক/২০১৮

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
২৫ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্পেশাল সিকিউরিটি ফোর্স কর্তৃক ব্যবহারের নিমিত্তে আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) ক্রয়/আমদানির উপর প্রযোজ্য ভ্যাট মওকুফকরণ।

যেহেতু, আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভিআইপি'র নিরাপত্তার কাজে ব্যবহৃত হইবে; এবং

যেহেতু, প্রধানমন্ত্রীর কার্যালয় হইতে উল্লিখিত পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার ক্রয়ের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হইয়াছে এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বর্ণিত আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ফ্রিকোয়েন্সি জ্যামার, ড্রোন শিল্ড এবং যানবাহন সরাসরি ক্রয় পদ্ধতিতে সংগ্রহের নীতিগত সুপারিশ রহিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করা ও জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় স্পেশাল সিকিউরিটি ফোর্সের জন্য আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) এর উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল:-

শর্তাবলিঃ

- (ক) আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভিআইপি'র নিরাপত্তার জন্য কাজে ব্যবহৃত হইবে এবং এগুলো বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;
- (খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ.এস. কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এই ক্ষেত্রে পরিপালনীয় হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে যে, উক্ত আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ০৬টি ভেহিকল মাউন্টেড রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (প্রতিটি গাড়িসহ) এবং ০৩টি পোর্টেবল রেডিও ফ্রিকোয়েন্সি জ্যামার (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষর:

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)

প্রথম সচিব (মুসক অব্যাহতি)

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৩০০ (তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ-

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, রাজ-৪)।
- ২। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ:আ: জনাব খোন্দকার শফিকুজ্জামান, কর্ণেল, পরিচালক (প্রশাসন)।
- ৪। জনাব ফরিদ আহাম্মদ, যুগ্ম-সচিব, পরিচালক-১২, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ০৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৭-২২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/পানগাঁও/আইসিডি, কমলাপুর।
- ২৩। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৪। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৫। পিএ টু সদস্য (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয় এর সদয় অবগতির জন্য)।


(মোঃ তারেক হাসান)

দ্বিতীয় সচিব (মুসক অভ্যন্তরীণ অব্যাহতি)

Please upload in the website.

২৭/৩/১৮

please host it to website

Jame
29.03.18